

প্রধানমন্ত্রী ঘানার সংসদে ভাষণ দেন (03 জুলাই, 2025)

03 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ঘানার সংসদের একটি বিশেষ অধিবেশনে ভাষণ দেন এবং তিনি প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী যিনি এই সুযোগ পেলেন। পার্লামেন্টের স্পিকার মাননীয় অ্যালবান কিংসফোর্ড সুমানা বাগবিন দ্বারা আহ্বান করা এই সেশনে পার্লামেন্টের সকল সদস্য, সরকারি কর্মকর্তা এবং উভয় দেশের বিশিষ্ট অতিথিরা উপস্থিত ছিলেন। ভারত-ঘানা সম্পর্কের উপরে দেওয়া এই ভাষণ একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত চিহ্নিত করেছে, যা পারস্পরিক সম্মান এবং উভয় দেশের সাধারণ গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিফলিত করে, যা এই দুই দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক গভীর করেছে।

2. তাঁর ভাষণে, প্রধানমন্ত্রী ভারত এবং ঘানার মধ্যে ঐতিহাসিক বন্ধনের দৃষ্টান্ত তুলে ধরেন, স্বাধীনতার জন্য একই ধরনের সংগ্রাম এবং গণতন্ত্র ও জনগণের উন্নয়নের মতো সাধারণ প্রতিশ্রুতির উপরে ভিত্তি করে যাদের মধ্যে দৃঢ় সম্পর্ক গড়ে উঠেছে। জাতীয় সম্মান প্রদান করার জন্য তিনি ঘানার রাষ্ট্রপতি মহামহিম জন দ্রমণি মহামা এবং ঘানার জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন, এই সম্মানকে তিনি স্থায়ী বন্ধুত্বের প্রতীক বলে অভিহিত করেন। ঘানার মহান নেতা ডঃ কোয়ামে এনক্রুমাহের অবদানের কথা উল্লেখ করে তিনি জোর দিয়ে বলেন যে, ঐক্য, শান্তি এবং ন্যায়বিচারের মতো আদর্শগুলি হল শক্তিশালী এবং দীর্ঘস্থায়ী অংশীদারিত্বের ভিত্তি।

3. ডঃ এনক্রুমাহ, যিনি গণতান্ত্রিক প্রতিষ্ঠান নির্মাণের দীর্ঘমেয়াদী প্রভাবের উপরে ভরসা রেখেছিলেন, প্রধানমন্ত্রী মোদী এদিন তার একটি বিখ্যাত উক্তি উদ্ধৃত করেন - "আমাদের বিচ্ছিন্ন করে রাখে যে শক্তিগুলি, তাদের তুলনায় আমাদের ঐক্যবদ্ধ রাখার উপযোগী শক্তিগুলি অনেক বেশি মজবুত এবং বৃহত্তর।" এদিন প্রধানমন্ত্রী গণতান্ত্রিক মূল্যবোধ লালন করার গুরুত্ব সম্পর্কে উল্লেখ করেন। গণতান্ত্রিক আদর্শের জননী হিসাবে ভারত তার সংস্কৃতির অংশ হিসাবে গণতন্ত্রের শপথ গ্রহণ করেছে, একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী ভারতের অন্তর থেকে পালিত গণতান্ত্রিক আদর্শের গভীরতা তুলে ধরেন। তিনি ভারতের বৈচিত্র্য এবং গণতান্ত্রিক শক্তিকে বিভিন্নতার মধ্যে ঐক্যের শক্তি হিসেবে প্রমাণ করে উল্লেখ করেন, যা ঘানার নিজস্ব গণতান্ত্রিক যাত্রায় প্রতিধ্বনিত একটি মূল্যবোধ। তিনি জলবায়ু পরিবর্তন, সন্ত্রাসবাদ, মহামারী এবং সাইবার হানার মতো নানা বিশ্বব্যাপী চ্যালেঞ্জের উপরও জোর দেন এবং বিশ্বব্যাপী প্রশাসনে গ্লোবাল সাউথের সমস্যার সম্পর্কে আরও সোচ্চার হওয়ার আহ্বান জানান। এই প্রসঙ্গে, তিনি ভারতের সভাপতিত্বের অধীনে G20-এর স্থায়ী সদস্য হিসাবে আফ্রিকান ইউনিয়নকে অন্তর্ভুক্ত করার কথা উল্লেখ করেন।

4. প্রধানমন্ত্রী ঘানার সংসদীয় ব্যবস্থার প্রশংসা করেন এবং উভয় দেশের আইনসভার মধ্যে আদান-প্রদান যেভাবে সময়ের সাথে বৃদ্ধি পেয়েছে তাতে সন্তুষ্টি প্রকাশ করেন। এই প্রসঙ্গে, তিনি ঘানা-ভারত পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ সোসাইটি-র প্রতিষ্ঠাকে স্বাগত জানান। আগামী 2047 সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য ভারতীয় জনগণের সংকল্প প্রকাশ করে প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, ভারত তার অগ্রগতি এবং সমৃদ্ধির পথে এগিয়ে যাওয়ার পাশাপাশি ঘানার সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে।

5. প্রধানমন্ত্রীর সম্পূর্ণ ভাষণ দেখা যেতে পারে এখানে। [here](#)

আক্রা

03 জুলাই, 2025